যুগান্তর
বৃহস্পতিবার ১ অক্টোবর ২০২৬
tutorial.jugantor@gmail.com
/DailyJugantor /DainikJugantor www.jugantor.com

University Library 1992

দেশসেরা ১২ বিশ্ববিদ্যালয়ের পাঁচটিই বেসরকারি

যুগান্তর প্রতিবেদন

যুক্তরাজ্যভিত্তিক শিক্ষা সাময়িকী টাইমস হায়ার এডুকেশন (টিএইচই) প্রকাশিত ওয়ার্ল্ড ইউনিভার্সিটি র‍্যাংকিং ২০২৭-এ বাংলাদেশের ২৫টি বিশ্ববিদ্যালয় স্থান পেয়েছে। এর মধ্যে দেশের শীর্ষ ১২ বিশ্ববিদ্যালয়ের পাঁচটিই বেসরকারি। র‍্যাংকিংয়ে অংশ নিয়ে শর্ত পূরণ করতে না পারায় বাদ পড়া আরও ১০টি বিশ্ববিদ্যালয়ের নামও প্রকাশ করা হয়েছে। বুধবার টিএইচইর ওয়েবসাইটে প্রকাশিত তালিকা থেকে এ তথ্য জানা গেছে।

র‍্যাংকিংয়ে দেশের ২৫ উচ্চ শিক্ষাপ্রতিষ্ঠান

শিক্ষার মান, গবেষণার পরিবেশ, গবেষণার মান ও সাইটেশন, শিক্ষার্থী-শিক্ষক অনুপাত, আন্তর্জাতিক শিক্ষার্থীসহ বিভিন্ন সূচকের ভিত্তিতে বিশ্বের ১১৮টি দেশের ২ হাজার ২৯৭টি বিশ্ববিদ্যালয়কে মূল্যায়ন করে এ র‍্যাংকিং প্রকাশ করা হয়েছে। র‍্যাংকিংয়ের ৮০১-১০০০ অবস্থানের মধ্যে অ্যালফাবেটিক ক্রমে যৌথভাবে বাংলাদেশের শীর্ষে রয়েছে আমেরিকান ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি বাংলাদেশ (এআইইউবি), ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি (ডিআইইউ), জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (জাবি) ও নর্থ সাউথ ইউনিভার্সিটি (এনএসইউ)। এর পরের ১০০১-১২০০ অবস্থানে রয়েছে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় (বাকৃবি), বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট), ব্র্যাক ইউনিভার্সিটি, গাজীপুর কৃষি বিশ্ববিদ্যালয়, ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি অব বিজনেস এগ্রিকালচার অ্যান্ড টেকনোলজি (আইইউবিএটি), যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (যবিপ্রবি), ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) ও রাজশাহী বিশ্ববিদ্যালয় (রাবি)।

১২০১-১৪০০ অবস্থানের মধ্যে রয়েছে বাংলাদেশ মেডিকেল বিশ্ববিদ্যালয় (বিএমইউ), মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (মাভাবিপ্রবি), শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (শাবিপ্রবি) এবং ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি (ইউআইইউ)।

১৪০১-১৬০০ অবস্থানে রয়েছে চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (চুয়েট), ইন্ডিপেনডেন্ট ইউনিভার্সিটি, বাংলাদেশ (আইইউবি), আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম (আইআইইউসি), খুলনা বিশ্ববিদ্যালয় (খুবি), নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (নোবিপ্রবি), রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (রুয়েট) এবং চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (চবি)। এছাড়া ১৮০১-২০০০ অবস্থানে রয়েছে ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটি (ইডব্লিউইউ) ও মিলিটারি ইনস্টিটিউট অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি (এমআইএসটি)।

র‍্যাংকিংয়ে অংশ নিয়েও তালিকার বাইরে : এবারের র‍্যাংকিংয়ে অংশ নিলেও মূল র‍্যাংকিংয়ে স্থান পাওয়ার প্রয়োজনীয় শর্ত পূরণ করতে না পারায় বাংলাদেশের আরও ১০টি বিশ্ববিদ্যালয় তালিকায় স্থান পায়নি। এগুলো হলো—এশিয়ান ইউনিভার্সিটি ফর উইমেন (এইউডব্লিউ), চট্টগ্রাম ভেটেরিনারি ও অ্যানিম্যাল ■ পৃষ্ঠা ৬ : কলাম ৪